০৪ 2002

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ১৬ ...

### আলোচনা সভায় ডবল শিফট চালুর সমালোচনা

# ঢাকা বিশ্ববিদ্যালয়কে কোচিং সেন্টারে পরিণত করা হচ্ছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** 'ডাবল শিফট কার স্বার্থে? উচ্চ শিক্ষার ধারণা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা' শীর্ষক এক আলোচনা সভায় বক্তারা বলেছেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আদলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাবল শিফট চালু করার মাধ্যমে এই পাবলিক বিশ্ববিদ্যালয়কে প্রাইভেট বিশ্ববিদ্যালয় করার প্রচেষ্টা চলছে।

বক্তারা আরো বলেন, এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়কে কোচিং সেন্টারে পরিণত করা হবে এবং বিশ্ববিদ্যালয় হবে জ্ঞান কেনা-বেচার কেন্দ্র।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ক্যাফেটেরিয়ায় গতকাল সোমবার ছাত্র ফেডারেশন আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন।

জুলহাসনাইন বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনাসভায় বক্তব্য রাখেন আনু মুহাম্মদ, আকমল হোসেন, জোনায়েদ সাকি, ফিরোজ আহমেদ প্রমুখ।

আনু মুহাম্মদ তার বক্তব্যে বলেন, বাণিজ্যিকীকরণ এবং সাম্রাজ্যবাদকে শক্তিশালী করার লক্ষ্যে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের কাঠামোয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাবল শিফট চালু করা হচ্ছে। তিনি আরো বলেন, আমাদের দেশে বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন কিছু চালু করার ক্ষেত্রে প্রধান যে যুক্তি উপস্থাপন করা হয় সেটি হলো নিয়মটি আমেরিকায় বা বিদেশে চালু রয়েছে।

যথাযথভাবে পর্যালোচনা না করে এসব নিয়ম চালু করার কারণে পরবর্তী সময়ে এর কুফল আমাদের ভোগ করতে হয়।

আনু মুহাম্মদ বলেন, ডাবল শিফট চালুর উদ্দেশ্য যদি কেবল সার্টিফিকেট প্রদান করা হয় তাহলে চালু করতে সমস্যা নেই। তিনি আরো বলেন, সন্ত্রাসীদের দ্বারা লালিত হওয়ার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের চিহ্নিত করতে না পারলেও ক্ষমতা প্রদর্শনের জন্য তারা বিশ্ববিদ্যায়ের খোলা স্থানে গাছ কেটে ভবন নির্মাণ, ছেলেমেয়েদের একত্রে আড্ডায় বাধা দান প্রভৃতি কাজ করছে।

অধ্যাপক আকমল হোসেন তার বক্তব্যে বলেন, আলোকিত মানুষ তৈরি শিক্ষার উদ্দেশ্য হলেও এখন শিক্ষার উদ্দেশ্য বাণিজ্যভিত্তিক।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে যে ছাত্রছাত্রী রয়েছে তার ৩ ভাগের ১ ভাগকে শিক্ষা দেওয়ার সুযোগ-সুবিধা রয়েছে এখানে। এই অবস্থায় ডাবল শিফট চালু, শিক্ষার গুণগত মানকে আরো নামিয়ে ফেলবে।